

Times Today BD

কাজী শহিদুল্লাহ তনয় | ঢাকা | 16 April, 2025

আশুলিয়ায় কাভার ভ্যানের ধাক্কায় নির্মাণাধীন ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিয়ার ক্যাপ সাটার মহাসড়কে এবং কাভার ভ্যানের উপর ভেঙে পড়েছে। তবে এ ঘটনায় কোন হতাহতের খবর পাওয়া যায়নি। মঙ্গলবার (১৫ এপ্রিল) রাত ৮টার দিকে নবীনগর-চন্দ্র মহাসড়কের বলিভদ্র বাজার এলাকায় এ ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, নবীনগর চন্দ্র মহাসড়কের বলিভদ্র এলাকায় ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে কাজ চলছিল। এসময় রাত ৮টার দিকে মহাসড়কের নবীনগরগামী একটি লরি একটি পিলারে ধাক্কা দেয়ে। এতে পিলারের উপর থাকা লোহার সাটার কাভার ভ্যানের উপর ভেঙে পড়ে। তবে কেউ আহত হয় নাই। এ সময় সড়কের যান চলাচল বন্ধ হয়ে যায়। তবে সড়কের পরিস্থিতি নিয়ন্ত্রণে দ্রুত উদ্ধার কাজ শুরু করেছে যৌথ বাহিনী ও সড়ক কর্তৃপক্ষ।

ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্প পরিচালক শফিকুল ইসলাম বলেন, আমি ফোনে শুনেছি আমাদের লোকজন সেখানে গেছে। একটি কাভার ভ্যান নিয়ন্ত্রণ হারিয়ে পিলারের সাটার উপর ধাক্কা দিচ্ছে। এতে ভেঙে পরছে। কেউ আহত হয়নি। তিনি আরও বলেন, ঈদের আগেই পিয়ার ক্যাপ ও পিলারের ঢালাই কাজ হয়েছে। সে পিলারের সাটার খুলে ফেলা হচ্ছে। যেহেতু সাটার গুলো পার্ট পার্ট থাকে তাই সব একটু লুস রাখা হয়। সে সময় গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে আঘাত করছে। এতেই সব কাভার ভ্যানের উপর পড়ে গেছে। আমাদের সব ঠিক আছে। কিছু সাটার ভেঙে গেছে। বাকী এক্সপ্রেসওয়ের সব ঠিক আছে।

আশুলিয়া থানার পরিদর্শক (তদন্ত) কামাল হোসেন বলেন, সড়কের যান চলাচল স্বাভাবিক হওয়ার পর্যায়ে রয়েছে। ঘটনাস্থলে আমাদের টিম রয়েছে।

আশুলিয়া মহাসড়ক এলিভেটেড এক্সপ্রেসওয়ে কাভার ভ্যান

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 June, 2025 02:18

URL: <https://timestodaybd.com/dhaka/870775807>